জনসাধারণের নিরাপত্তায় আবশ্যক ভূমিকা

তথ্য জানানো এবং পরিস্থিতিগত সচেতনতা হল আমাদের দেশ, আমাদের স্টেট, এবং আমাদের সম্প্রদায়ের সুরক্ষার অখণ্ড অঙ্গ। এই কথাটি মনে রেখে, আপনার প্রকল্পের ব্যাপারে সচেতন থাকা উচিৎ যা কেবল দমকলকর্মী বা হাসপাতালে ভর্তি হওয়ার আগে পরিচর্যা প্রদানকারীদের জন্য নয় বরং সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য তৈরি করা হয়েছে। নিরাপত্তার পদক্ষেপ নিউ ইয়র্ক হল সম্প্রদায়ের সদস্যগণ, ব্যবসায়িক সংস্থা এবং আপনার মতো আপৎকালীন পরিষেবা পেশাদাররের অংশীদারিত্ব সহ একটি গুরুত্বপূর্ণ প্রকল্প যার মধ্যে আপনারা সন্দেহজনক ক্রিয়াকলাপ এবং সম্ভাব্য সন্ত্রাসবাদের কাজের ব্যাপারে স্টেটের সদস্যদের এবং স্থানীয় আইন বলবৎকরণকে সতর্ক করার জন্য কাজ করেন। একজন নাগরিক হিসেবে সমাজে, রাস্তায় থাকার সময়, মুদি দোকানে যাওয়ার সময়, মলের মধ্যে থাকার সময় আপনারাই হলেন সচেতনতার চোখ এবং কান; আপনারা জনসাধারণের নিরাপত্তার দায়িত্বগুলি পূরণ করার জন্য আমাদের সাহায্য করতে পারেন। সম্ভাব্য সন্ত্রাসবাদের ক্রিয়াকলাপের শীঘ্র শনাক্তকরণ এবং রিপোর্টিং, যারা সন্ত্রাসবাদের কাজ করেন তাদের বিরুদ্ধে প্রতিরোধের প্রথম পদক্ষেপ হিসেবে কাজ করতে পারে। যদি আপনি সন্দেহজনক কোনও ঘটনার প্রত্যক্ষদর্শী হন তাহলে আপনাকে আপনার স্থানীয় আইন বৎবতকরণকে বা নিউ ইয়র্ক স্টেট টেরোরিজম টিপ্স লাইনকে 1-866-SAFE-NYS (1-866-723-3697) নম্বরে যোগাযোগ করার জন্য উৎসাহিত হিত করা হচ্ছে।

সন্ত্রাসবাদের আটটি লক্ষণ আছে যার ব্যাপারে সমস্ত নাগরিকদের জানা উচিত, বিশেষত প্রথম পরিষেবা প্রদানকারীদের। দৈনিক ভিত্তিতে আপৎতকালীন পরিস্থিতির ব্যবস্থাপনায় একজন দমকলকর্মী বা অ্যাম্বুলেন্স পরিষেবা প্রদানকারীদের হিসেবে আপনিই প্রথমে কোনও সামগ্রী বা সন্ত্রাসবাদের পরিকল্পনার সঙ্কেতপূর্ণ পরিস্থিতি লক্ষ্য করতে পারেন এবং কোনও ঘটনা ঘটার আগে কেবলমাত্র আপনিই আইন বৎবতকরণকে জানাতে পারেন। একজন আপৎতকালীন পরিষেবা প্রদানকারী হিসেবে আপনি পরিস্থিতির অনুমান করতে পারেন এবং কোনও কিছু ঠিক না মনে হলে আপনি তা বুঝতে পারেন।

একজন আপৎকালীন পরিষেবা প্রদানকারী হিসেবে আপনার এই চিন্তাজনক বিষয়ের ব্যাপারে জানা উচিত্ যে, যে সমস্ত লোকেরা সন্ত্রাসবাদ ঘটনা ঘটাতে চলেছে তারা তাদের কাজে সফল হওয়ার জন্য কিছু নির্দিষ্ট সামগ্রী, কৌশল বা প্রশিক্ষণ অর্জন করার জন্য আপৎকালীন পরিষেবা সংস্থাদের ব্যবহার করতে পারে। এই লোকেরা প্রথম পরিষেবা প্রদানকারীদের ব্যবহার করতে পারেন; বা কিছু নির্দিষ্ট জায়গায় প্রবেশ করার জন্য আপৎকালীন পরিষেবা প্রদানকারীর ছদ্মবেশ নিতে পারেন এবং নিজেকে সেই জায়গার লোক হিসেবে পরিচিতি দিতে পারে। আপনার, আপনার সহকর্মী এবং আপনার নাগরিকদের নিরাপত্তার জন্য আপনার ধারাবাহিক সতর্কতা আবশ্যক।

আবার, সন্দেহজনক কাজের যে কোনও লক্ষণের ব্যাপারে দিনে 24 ঘন্টা, সপ্তাহের সাত দিন নিউ ইয়র্ক স্টেট টেরোরিজম টিপ্স হটলাইনে 1-866-723-3697 (1-866-SAFE-NYS) নম্বরে ফোন করে জানানো যেতে পারে।

যদি আপনি কিছু দেখেন তাহলে তা বলুন®

নিউ ইয়র্ক স্টেটের টেরোরিজম টিপস হটলাইনের এই নম্বরে কোনও সন্দেহজনক কার্যকলাপের খবর দিন:

1-866-SAFE-NYS
1-866-723-3697
নিউ ইয়র্ক স্টেট জুড়ে

1-888-NYC-SAFE
1-888-692-7233
নিউ ইয়র্ক সিটিতে

NEW YORK STATE | Homeland Security and Emergency Services

OFFICE OF COUNTER TERRORISM
Harriman State Office Campus
1220 Washington Avenue
Building 7A
Albany, NY 12226
www.dhses.ny.gov/oct

OFFICE OF FIRE PREVENTION AND CONTROL
Harriman State Office Campus
1220 Washington Avenue
Building 7A, Floor 2
Albany, NY 12226
www.dhses.ny.gov/ofpc

"যদি আপনি কিছু দেখেন তাহলে তা বলুন®" মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির অনুমতি সহ ব্যবহার করা হয়।

রক্ষাকবচ - নিউইয়র্ক

অগ্নি এবং EMS

Kathy Hochul
গনভধ

আপৎকালীন পরিস্থিতিতে কাজ করার সময় প্রথম পরিষেবা প্রদানকারীদের আক্রমণ করা হয়।

- প্রথম পরিষেবা প্রদানকারীদের প্রতিটি কল-এ সতর্ক থাকা উচিত; গাড়ির দুর্ঘটনা থেকে আবাসন, ব্যবসায়িক সংস্থা এবং সাধারণ জায়গার কল পর্যন্ত।
- একটি মানব সৃষ্ট ঘটনার স্থলে পৌঁছানোর পর, পরিষেবা প্রদানকারীর বিস্ফোরক ডিভাইস, সক্রিয় শুটার বা বন্দুক সহ দ্বিতীয় আক্রমণের সম্ভাবনার ব্যাপারে সতর্ক থাকা উচিত।
- যারা প্রথম পরিষেবা প্রদানকারীদের ওপর আক্রমণ করে তারা আহতদের পরিচর্যায় বিলম্ব ঘটায়।
- আপৎকালীন পরিষেবা প্রদানকারী কর্মীর সম্ভাব্য হুমকি শনাক্ত করার জন্য আক্রমণের জায়গায় আহত ব্যক্তি সহ সমস্ত ব্যক্তিদের ভালভাবে লক্ষ্য করা উচিত।
- পরিষেবা প্রদানকারীর রোগী/শিকারের বন্ধু এবং পরিবারের সদস্য সহ ঘটনাস্থলের ব্যক্তিদের আচরণের ব্যাপারে সতর্ক থাকা উচিত।

আপৎকালীন পরিষেবা প্রদানকারীর নিম্নলিখিত বিষয়ের ব্যাপারে সতর্ক থাকা উচিত

- শয্যা বা বিছানা ছাড়া অল্প বা কোনও আসবাব নেই।
- পুলিশের পুস্তিকা, যুদ্ধকৌশলগত পুস্তিকা, বিমানের পুস্তিকা।
- মানচিত্র, ছবি, ব্লুপ্রিন্ট।
- অস্বাভাবিক রসায়ন বা অন্যান্য সামগ্রী যা স্বাভাবিক নয়।
- নজরদারির সরঞ্জাম, স্টিল এবং ভিডিও ক্যামেরা এবং নাইট ভিশন গগল্স।
- গোলা-বারুদ, আগ্নেয়াস্ত্র বা অস্ত্রের বাক্স।
- কিছু নির্দিষ্ট প্রকারের ওষুধ যা EMS–এর কাছে থাকে এবং সেগুলির ক্ষতিকারক প্রভাবের ব্যাপারে অনুসন্ধান।
- কিছু নির্দিষ্ট ওষুধ কেনার বা কীভাবে কিনতে হবে সে ব্যাপারে তথ্যের অনুরোধ।
- একটি নতুন, পুরনো বা ডিকমিসন্ড আপৎকালীন গাড়ি কেনার বা কীভাবে আপৎকালীন গাড়ির মার্কিং অনুমোদিত করাতে হয় সে ব্যাপারে অনুসন্ধান।
- একজন ব্যক্তি যিনি বিদ্বেষী, অসহযোগী বা ইউনাইটেড স্টেটস-এর প্রতি ঘৃণা বা অসন্তোষ প্রকাশ করছে।

কীভাবে আপৎকালীন পরিষেবা তাদেরকে ক্ষতির থেকে সুরক্ষিত রাখতে পারে।

- আপনার স্টেশনে কে প্রবেশ করছে তা পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করুন: বর্তমান এবং প্রাক্তন কর্মী/সদস্য, ডেলিভারি এবং কর্মী ইত্যাদি।
- পরিচয়পত্র যাচাই করুন এবং সেই ব্যক্তিকে আপনার বিভাগে তার আসার উদ্দেশ্যের ব্যাপারে উল্লেখ করতে বলুন।
- ভাঙা দরজা, জানালা এবং লকের ব্যাপারে যতটা তাড়াতাড়ি সম্ভব আপনার সংস্থার সুরক্ষা কর্মীকে জানান। সময় মতো মেরামতির কাজ সম্পূর্ণ করতে হবে।
- সংবেদনশীল এবং গুরুত্বপূর্ণ তথ্য এবং ডেটাবেসের ব্যাক-আপ ফাইল বা প্রতিলিপি তৈরি করতে হবে।
- আপনার সংস্থার চাবি, অ্যাক্সেস কার্ড, ইউনিফর্ম, ব্যাজ এবং গাড়ির মজুত করুন, লক করুন এবং তালিকা তৈরি করুন।
- আপনার কেন্দ্রের প্রবেশ/প্রস্থান পথ, পার্কিং স্থল, গ্যারাজের মধ্য বা কাছে এবং নিকটবর্তী এলাকায় সন্দেহজনক কাজের নজরদারি করুন এবং খবর দিন।
- সন্দেহজনক প্যাকাজের ব্যাপারে আপনার স্থানীয় আইন-বলবৎকরণকে জানাতে হবে। স্পর্শ করবেন না বা খুলবেন না।
- সংবেদনশীল ব্যক্তিগত বা সংস্থাগত তথ্য সহ সমস্ত নথিপত্র যা আর প্রয়োজন নেই তা ছিন্নবিচ্ছিন্ন করুন বা নষ্ট করুন।
- আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ সরঞ্জাম, হার্ডওয়্যার এবং সফ্টওয়্যারের একটি তালিকা তৈরি করে রাখুন।
- ব্যবহার না করার সময় ওয়ালেট, পার্স এবং পরিচয়পত্রের মতো ব্যক্তিগত জিনিস মজুত এবং লক করুন।
- প্রশিক্ষণ বা সার্টিফিকেশন প্রকল্প সম্পূর্ণ করার পর কোনও ছাত্রের অব্যাখ্যাত প্রত্যাহারের ব্যাপারে প্রশ্ন করুন।
- পার্ক করা অ্যাম্বুলেন্স, অগ্নিনির্বাপক সরঞ্জাম, বা হাসপাতাল এবং আপৎকালীন রুমের প্রবেশপথের নিকট ঘোরাফেরা করছে এমন সন্দেহজনক ব্যক্তির ব্যাপারে সতর্ক থাকবেন।
- অগ্নি নির্বাপক বা EMS গাড়ি সম্পর্কিত সরঞ্জামের হারিয়ে যাওয়ার ব্যাপারে তদন্ত করুন: এর মধ্যে রয়েছে চিকিৎসাগত সরঞ্জাম এবং সরবরাহ, ওষুধ এবং নিয়ন্ত্রিত পদার্থ, ইউনিফর্ম, ইনসিগনিয়া বা ডিক্যাল, গাড়ির লাইসেন্স প্লেট(গুলি), বিশেষ পার্কিং প্ল্যাকার্ড, লাইট, সাইরেন এবং যোগাযোগের সরঞ্জাম।

রুটিন জানুন

আপনার চারপাশে কী ঘটছে তা সম্পর্কে জানুন

গুরুতর কিছু শুনলে বিবেচনা করুন

“যদি আপনি কিছু দেখেন তাহলে তা বলতে পিছপা হবেন না!”

সন্ত্রাসবাদের আটটি লক্ষণ জেনে নিন

1. **নজরদারী:** কোনও ব্যক্তি রেকর্ড করছে, দেখছে, সাধারণত ছবি তুলছে বা কার্যকলাপের উপর নজর রাখছে বিশেষ করে গুরুত্বপূর্ণ নির্মাণের কাছাকাছি।
2. **সন্দেজনক প্রশ্ন করা:** কর্মী সংখ্যা এবং কর্মী, কেন্দ্রের নির্দিষ্ট তথ্য, প্রতিক্রিয়া প্রোটোকল এবং নিরাপত্তা, যা আদতেই জানার দরকার নেই।
3. **নিরাপত্তার পরীক্ষাসমূহ:** পরীক্ষা হিসেবে নিরাপত্তা লঙ্ঘন বা অনুপ্রবেশ; এর মধ্যে একাধিক বা ব্যাখ্যা দেয়া সম্ভব নয় এমন ভুল করে বাজানো অ্যালার্ম এবং/অথবা নিরাপত্তা স্থলগুলিতে গিয়ে হারিয়ে গেছেন এমন সব লোকজন থাকতে পারে।
4. **অর্থের জোগান:** বড় পরিমাণে নগদে পেমেন্ট, জমা, অর্থ তোলা বা অর্থ ট্রান্সফার; প্রচুর নগদ পাচার; সন্দেহজনক আর্থিক জালিয়াতি; জাল সামগ্রী বিক্রয়; অথবা ভুয়ো অনুদান।
5. **জিনিসপত্র সংগ্রহ করা:** আক্রমণের জন্য প্রয়োজনীয় জিনিস ক্রয়, চুরি যাওয়া, হারানো বা স্থানীয় সূত্রে সংগ্রহ করা সম্ভব নয় এমন পণ্যদ্রব্য; বিস্ফোরক, অস্ত্র, রাসায়নিক সরঞ্জাম, কম্পিউটার, নীল নকশা, মানচিত্র, ভুয়ো পরিচয়পত্র, নিরাপত্তা পরিকল্পনা, প্রশিক্ষণ সামগ্রী অন্তর্ভুক্ত থাকতে পারে।
6. **অনধিকার স্থানে সন্দেহজনক ব্যক্তি:** সেইসব লোকজন যাদের ইউনিফর্ম, ক্রেডেনশিয়াল থাকার কথা নয়, অস্বাভাবিক আচরণ করছে বা বেআইনিভাবে এইসব রেখেছে বা সঙ্গে রয়েছে নকল/চুরি করা/ভিন্ন উদ্দেশ্যে নেয়া গাড়ি।
7. **পালানোর মহড়া:** কোনও ব্যক্তি আক্রমণের পরে পালানোর জন্য সময় ও পালানোর রাস্তা খোঁজার মহড়া দিচ্ছে।
8. **আক্রমণের ব্যবস্থা করা:** আক্রমণের জন্য সামগ্রী এবং/অথবা ব্যক্তিগত জিনিসপত্রের প্রস্তুতি।

এখন আপনি কিছু দেখলে, তা পাঠিয়ে দিন!

কিছু দেখলে তা পাঠান

“আপনি কিছু দেখলে, তা পাঠিয়ে দিন (See Something, Send Something)” যে কাউকে সন্দেহজনক কার্যকলাপ ছবির আকারে ধারণ করা বা নোটের আকারে লিখে রাখার এবং নিউ ইয়র্ক স্টেটের গোয়েন্দা বিভাগে তথ্য পাঠানোর অনুমতি দেয়। সেখানে তথ্য পর্যালোচনা করা হবে এবং প্রাসঙ্গিক হলে উপযুক্ত আইন বলবৎকরণ সংস্থার কাছে পাঠানো হবে। iPhone এবং Android ফোন ব্যবহারকারীরা বিনামূল্যে অ্যাপটি ডাউনলোড করতে পারেন, যেখানে কোন ধরনের খবরাখবর রাখতে এবং কখন সন্দেহজনক কার্যকলাপ জানাতে হবে তা সম্পর্কে বলা আছে।

অনলাইনে অ্যাপ ডাউনলোড করুন
www.NY.gov/SeeSendNY-এ:
বা **QR কোড** স্ক্যান করার জন্য আপনার স্মার্টফোন ব্যবহার করুন।